গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www. mofood.gov.bd

**স্মারক নম্বর:** ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.২৬.১৬৬

তারিখ: ৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **বন্যা কবলিত সিলেট বিভাগের ৪১ (একচল্লিশ)টি উপজেলায় ওএমএস কার্যক্রমের আওতায় চাল ও আটা বিতরণ।**

সূত্র: (ক) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর ২১ জুলাই ২০২৬ তারিখের ৪৬৫ নং স্মারক;
(খ) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর ২১ জুলাই ২০২৬ তারিখের ২৯৮ নং স্মারক;
(গ) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এর ২০ জুলাই ২০২৬ তারিখের ৭৮ নং স্মারক;
(ঘ) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর ১৯ জুলাই ২০২৬ তারিখের ৩৫১ নং স্মারক;

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বন্যা কবলিত সিলেট বিভাগের সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার ৪১টি উপজেলা ৮২ (বিরাশি)টি কেন্দ্রে জুলাই ২০২৬ মাসের অবশিষ্ট ০৫ (পাঁচ) কর্মদিবস এবং আগস্ট ২০২৬ মাসের ২০ (বিশ) কর্মদিবসসহ সর্বমোট ২৫ (পঁচিশ) কর্মদিবস ওএমএস কার্যক্রম পরিচালনার লক্ষ্যে (৮২×১×২৫)= ২,০৫০ মে. টন চাল এবং (৮২×০.৫০×২৫)= ১,০২৫ মে. টন ফলিত আটার জন্য ১,৩৩১.১৭ মে. টন গম সংযুক্ত বিভাজন অনুযায়ী নিম্নোক্ত শর্তে বিক্রয়ের অনুমোদন প্রদান করা হলো:

**শর্তসমূহ:**

(ক) তালিকাভুক্ত ময়দামিলসূহের অনুকূলে জুলাই ২০২৬ মাসের বরাদ্দকৃত গম ৩০ জুলাই ২০২৬ তারিখর মধ্যে এবং আগস্ট ২০২৬ মাসের গম ১৭ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে গুদাম হতে উত্তোলন করতে হবে;
(খ) নির্ধারিত সময়ের মধ্যে গম উত্তোলনের সুবিধার্থে সারাদেশের গুদামসমূহে চলাচলসূচি অনুযায়ী গমের মজুত নিশ্চিত করার জন্য পরিচালক (চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ) কে নির্দেশনা প্রদান করা, যাতে গুদামে গমের মজুত স্বল্পতার কারণে গম উত্তোলনের সময়সীমা পরবর্তীতে বর্ধিত করতে না হয়;
(গ) গম উপ-বরাদ্দ প্রাপ্ত ময়দা মিলের তালিকা উপ-বরাদ্দ প্রদানের সাথে সাথে চাহিদাপত্রসহ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে;
(ঘ) জুলাই ও আগস্ট ২০২৬ মাসের জন্য বরাদ্দকৃত গমের পেষাইকৃত ফলিত আটা উপকারভোগীদের মাঝে যথাক্রমে জুলাই ও আগস্ট ২০২৬ মাসেই বিতরণ করতে হবে;
(ঙ) গম বরাদ্দপ্রাপ্ত প্রতিটি মিলের পেষাইকৃত ফলিত আটার (প্যাকেট/খোলা) পুণগতমান দৈবচয়নের ভিত্তিতে নিয়মিত পরীক্ষা করা এবং রিপোর্ট সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিত করা;
(চ) প্যাকেট আটার বরাদ্দপ্রাপ্ত মিলগুলো ম্যানুয়াল/সেমি অটোমেটিক/সম্পূর্ণ অটোমেটিক কী না তা নিশ্চিত হয়ে বরাদ্দ প্রদান করতে হবে;
(ছ) প্যাকেট আটা উৎপাদন কার্যক্রমে জড়িত মিলসমূহের মধ্যে যে সকল মিল সম্পূর্ণ অটোমেটিক/সেমি-অটোমেটিক/ম্যানুয়ালি প্যাকেট আটা উৎপাদন করছে, সে সকল মিলের অনুকূলে বরাদ্দ প্রদানের ক্ষেত্রে সারাদেশে সামঞ্জস্য রাখতে হবে;
(জ) নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দকৃত গম উত্তোলন না করলে সংশ্লিষ্ট ময়দা মিলের বিপরীতে পরবর্তী ০৬ (ছয়) মাসের বরাদ্দ প্রদান স্থগিত রাখতে হবে;
(ঝ) ওএমএস ডিলারের বিক্রয় কার্যক্রম মনিটরিং এর জন্য সংশ্লিষ্ট ওএমএস কমিটিকে নির্দেশনা প্রদান করতে হবে; এবং
(ঞ) প্রতি মাসের খাদ্যশস্য উত্তোলনের তথ্য আবশ্যিকভাবে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পরিচালক (সরবরহ, বণ্টন ও বিপণন) কে নির্দেশনা প্রদান করতে হবে।

০২। বর্ণিত বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে চাল ও আটার বরাদ্দ বিভাজন।

২৩-০৭-২০২৬
জয়নাল মোল্লা
উপ সচিব
ফোন : +৮৮০২৯৫১৪৬১৬
ফ্যাক্স : +৮৮০২৯৫১৪৬৭৮
ইমেইল : dssupply1@mofood.gov.bd

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.২৬.১৬৬/১ (৮)

তারিখ: ৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
২। যুগ্মসচিব, সরবরাহ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়।
৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।
৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
৭। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।

২৩-০৭-২০২৬
জয়নাল মোল্লা
উপ সচিব